


ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) প্রস্তাবিত পাম্প মোটরের আলোকে তৈরিকৃত টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- (৫) ডিওয়াটারিং পাম্প মোটর ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of 3/5 HP dewatering pump motor set with related services for different SLSs under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইন হয়ে পরিশোধিত পানি কালেকটিং চেম্বারের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার ঢাকা ওয়াসার প্রথম ও সবচেয়ে পুরাতন প্ল্যান্ট। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্র সহ (এস.এল.এস) নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্বচ্ছভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। বিদ্যমান এসএলএস গুলোর মধ্যে কিছু এসএলএস ও প্ল্যান্টের বিভিন্ন পয়েন্টে বিভিন্ন সাইজের সাবমারসিবল ডিওয়াটারিং পাম্প মোটর রয়েছে। পাম্প মোটরগুলো ২৪ ঘন্টাই চালু থাকে। কোন ত্রুটির কারনে পাম্প মোটর গুলো বন্ধ/অকেজো/জ্বলে গেলে সংশ্লিষ্ট এলাকার পয়ঃ সিস্টেমে ওভার ফ্লো দেখা দেয়। সেই কারনে পাম্প মোটরগুলো সার্বক্ষণিক চালু রাখতে হয়। বিদ্যমান ডি-ওয়াটারিং পাম্প মোটরগুলোর মধ্যে অধিকাংশ পাম্প মোটর প্ল্যান্টের শুরু অর্থাৎ ১৯৯২ সাল থেকে একাদিকবার মেরামত ও রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে চালু রাখা হচ্ছে। বর্তমানে সচল পাম্প মোটর গুলোর বিপরীতে কোন স্প্যার পাম্প মোটর মজুদ নেই। দীর্ঘদিন ধরে চালু থাকায় পাম্প মোটর গুলোর লাইফটাইমও শেষ হয়ে গিয়েছে। একাদিকবার মেরামতের ফলে পারফরমেন্স সন্তোষজনক পাওয়া যাচ্ছে না। প্রায়শই মোটর জ্বলে যায় ও পাম্প সাইডে ত্রুটি দেখা দিচ্ছে। তাই সংশ্লিষ্ট এলাকার পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে বিভিন্ন সাইজের নতুন সাবমারসিবল ডিওয়াটারিং পাম্প মোটর ক্রয় করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of 3/5 HP dewatering pump motor set with related services for different SLSs under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৯৫,৫০০.০০(চব্বিশ লক্ষ পচানব্বই হাজার পাঁচশত তিন) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের "পাম্প ক্রয়" (কোড ০১-০৪-০২২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৭; প্যাকেজ নং- GP3 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of 3/5 HP dewatering pump motor set with related services for different SLSs under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method(OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৯৫,৫০৩.০০(চব্বিশ লক্ষ পচানব্বই হাজার পাঁচশত তিন) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের "পাম্প ক্রয়" (কোড ০১-০৪-০২২) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


১২/০৫/২৬
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাণ্ডা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



১২/০৫/২৬
মোঃ হাসিবুল হাসান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাণ্ডা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১২/০৫/২৬
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাণ্ডা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১২/০৫/২৬


১২/০৫/২৬
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

১.৪। প্রকৃত অনুমোদিত


১২/০৫/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।